দৈনিক ইত্তেফাক

তারিখ ১ 8 APR 2007
পৃষ্ঠা ২৩ কলাম

# সরকারি শর্ত পালন সাপেক্ষে প্রাইভেট মেডিক্যাল কলেজগুলো পরিচালিত হবে

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

প্রাইভেট মেডিক্যাল কলেজসমূহ তাদের ছাত্র-ছাত্রীদের শিক্ষাদানে সরকারি শর্তাবলী পূরণ করতে ব্যর্থ হলে কিংবা এ বিষয়ে কোন অনিয়ম বা অবহেলা ধরা পড়লে সংশ্লিষ্ট কলেজের বিরুদ্ধে ছাত্র-ছাত্রী বন্ধসহ কঠোর ব্যবস্থা নেয়া হবে বলে সংশ্লিষ্ট শীর্ষ সরকারি কর্মকর্তারা জানিয়েছেন। এ বিষয়ে গঠিত সরকারের তদন্ত কমিটি ৫টি বেসরকারি মেডিক্যাল কলেজে সরকারের শর্ত পূরণে ব্যর্থতা ও শিক্ষায় নিম্নমানের কারণে এসব কলেজে ছাত্র-ছাত্রী বন্ধ রাখার নির্দেশ দেয়া হয়।

এ বিষয়ে ইতিপূর্বে দৈনিক ইত্তেফাকে (৯ এপ্রিল) প্রতিবেদন প্রকাশিত হলে ছাত্র-ছাত্রী ও অভিভাবক মহলে উদ্বেগ দেখা দেয়। এ বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (মেডিক্যাল এডুকেশন) অধ্যাপক শিফায়েত উল্লাহ জানান, ছাত্র-ছাত্রীদের সুষ্ঠু লেখাপড়ার স্বার্থেই ঐ ৫টি কলেজের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছে। তবে সরকার গৃহীত ব্যবস্থার (১৯শ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## সরকারি শর্ত

(২০শ পৃঃ পর)

কারণে ছাত্র-ছাত্রীদের পড়াশোনার কোন ক্ষতি হবে না। এ ধরনের কোন মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষ ছাত্র-ছাত্রীদের কোন রকম হয়রানি করলে তা বরদাশত করা হবে না। বরং কঠোর ব্যবস্থা নেয়া হবে। তাই ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকদের উদ্বিগ্ন হবার কোন কারণ নেই।

এদিকে নিম্নমানের শিক্ষাদানের অভিযোগ জানাতে ইতিমধ্যেই সিরাজগঞ্জ খাজা ইউনুস আলী মেডিক্যাল কলেজের ১৫০ জন ছাত্র-ছাত্রী ঢাকায় অবস্থান করছে। ছাত্র-ছাত্রীদের প্রতিবাদের মুখে তাদের কলেজ কর্তৃপক্ষ কলেজ বন্ধ ঘোষণা করে ছাত্র-ছাত্রীদের হোস্টেল ত্যাগে বাধ্য করেন। বিষয়টি সম্পর্কে ছাত্র-ছাত্রীরা স্বাস্থ্য অধিদপ্তরের মনোযোগ আকর্ষণ করলে পরিচালক (স্বাস্থ্য শিক্ষা) বলেন, বিষয়টি তদন্ত করে ব্যবস্থা নেয়া হবে। তাদের শিক্ষার পরিপন্থী কোন ব্যবস্থা মেনে নেয়া হবে না। উল্লেখ্য, এই ১৫০ ছাত্র-ছাত্রী এ মুহূর্তে তাদের লেখাপড়া থেকে বঞ্চিত রয়েছে।